



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
মহাপরিচালকের কার্যালয়  
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

নং- ১৪.৩০.০০০০.২১২.১৯.০৪৮.১৫(অংশ-১)-

তারিখঃ ২২ পৌষ ১৪২২/ ০৬ জানুয়ারী ২০১৬

বিষয়ঃ বিটিসিএলে প্রেষণে নিয়োজিত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্ত ও যোগদান সংক্রান্ত।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং ১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩(অংশ)-২৭০, তারিখ ২৫/০৬/২০১৫ এ বিটিসিএলে প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পিআরএল এর ন্যূনতম এক মাস পূর্বে টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্ত হওয়ার নির্দেশনা থাকায় কর্মকর্তা/কর্মচারীদের তাদের পিআরএল শুরুর ন্যূনতম এক মাস পূর্বে বিটিসিএল হতে বিমুক্ত হয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান করার জন্য নির্দেশক্রমে প্রশাসনিক আদেশ জারী করা হলো।

২। বিটিসিএল এর সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ তাদের অধীনস্থ প্রেষণে নিয়োজিত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের উল্লিখিত সময়ের পূর্বে বিমুক্ত করবেন যাতে কর্মকর্তা/কর্মচারীগণ যোগদান কাল শেষে ন্যূনতম এক মাস পূর্বে টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান করতে পারেন। উল্লিখিত সময়ানুযায়ী বিমুক্ত না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী তাদের দায়িত্ব পরিত্যাগ করে বিমুক্ত হবেন এবং টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদান করবেন।

৩। কোন কর্মকর্তা/কর্মচারী তার পিআরএল এর ন্যূনতম এক মাস পূর্বে টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদানে ব্যর্থ হলে এবং তার জন্য পিআরএল সংক্রান্ত বিষয়ে কোন জটিলতা দেখা দিলে তার দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে। তাছাড়াও কোন কর্মকর্তা/কর্মচারী যথাযথ ভাবে পিআরএলের আবেদন না করলে তিনি পিআরএল ভোগে ইচ্ছুক নন মর্মে বিবেচিত হবে।

( মোঃ আজম আলী )  
পরিচালক ( প্রশাসন )  
ফোন- ৯৮৩০৪০০

নং- ১৪.৩০.০০০০.২১২.১৯.০৪৮.১৫(অংশ-১)-

তারিখঃ ২২ পৌষ ১৪২২/ ০৬ জানুয়ারী ২০১৬

অনুলিপি :

- ১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমুনিকেশন্স কোম্পানী লিমিটেড, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই ইন্সটন গার্ডেন, ঢাকা -১০০০।
- ৩। ডিজি, টিএসসি, গাজীপুর।
- ৪। প্রধান কর্মাধ্যক্ষ, পিএন্ডডি/ডিটিআর (দক্ষিণ/উত্তর/পূর্ব/পশ্চিম/কেন্দ্রীয়)/সিটিআর/কেটিআর/এসটিআর/রাজশাহী টেলিকম/রংপুর টেলিকম/ট্রান্সমিশন/উপজেলা টেলিকম/পল্লী টেলিকম, বিটিসিএল।
- ৫। পরিচালক, সংগ্রহ/রাজস্ব-১/রাজস্ব-২/টিটিসি'স
- ৬। প্রেষণে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা
- ৭। প্রেষণে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারী

সদয় অবগতি ও নির্দিষ্ট সময়ে বিমুক্তকরণের  
প্রয়োজনীয় ব্যবস্থার জন্য

( মোঃ আজম আলী )  
পরিচালক ( প্রশাসন )  
ফোন- ৯৮৩০৪০০